**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 30–03–2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মনোনয়নপত্র প্রত্যাহার পর্ব শেষে আজ পশ্চিম ত্রিপুরা লোকসভা আসনে বৈধ নয় জন প্রার্থীই প্রতিদ্বন্দ্বিতায় রয়ে গেছেন ।**

**(২) যুব বিষয়ক ক্রীড়া দপ্তর ও রাজ্য এন এস এস সেলের যৌথ উদ্যোগে এবং রাজ্য নির্বাচন দপ্তরের সহায়তায় আজ রবীন্দ্র শতবার্ষিকী ভবনে যুব ভোটারদের নিয়ে এক সচেতনতামূলক কর্মশালা অনুষ্ঠিত হয় ।**

**(৩) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ রাষ্ট্রপতি ভবনে আয়োজিত অনুষ্ঠানে প্রাক্তন প্রধানমন্ত্রী পিভি নরসিমা রাও এবং চৌধুরী চরণ সিং, কৃষি বিজ্ঞানী এমএস স্বামীনাথন এবং বিহারের দুইবারের প্রাক্তন মুখ্যমন্ত্রী কর্পুরী ঠাকুরকে মরণোত্তর ভারতরত্ন সম্মান প্রদান করেছেন ।**

**(৪) টিসিএ পরিচালিত রাজ্যভিত্তিক অনূর্ধ্ব ১৩ বছরের ক্রিকেট প্রতিযোগিতার ফাইন্যালে সদর এ ও বি পরস্পরের মুখোমুখি হবে ।**

**************************************************

**West Tripura Constituency :**

মনোনয়নপত্র প্রত্যাহার পর্ব শেষে আজ পশ্চিম ত্রিপুরা লোকসভা আসনে বৈধ নয় জন প্রার্থীই প্রতিদ্বন্দ্বিতায় রয়ে গেছেন। তারা হলেন, বিজেপির বিপ্লব কুমার দেব, ইন্ডিয়া জোট সমর্থিত কংগ্রেসের আশিস কুমার সাহা, বহুজন মুক্তি পার্টির ব্রজলাল দেবনাথ, রিপাবলিকান পার্টি অফ ইন্ডিয়া- (এ) র আইনজীবী অর্ণব রায়, এস ইউ সি আই (সি) র অরুণ ভৌমিক, আমরা বাঙালীর গৌরী শংকর নন্দী, ও নির্দল প্রার্থী মিলন পদ মুড়া সিং, রমেন্দ্র রিয়াং ও বলরাম দেববর্মা। পশ্চিম ত্রিপুরা লোকসভা আসনের রিটার্নিং অফিসার ডক্টর বিশাল কুমার আকাশবাণীকে এই খবর জানান। তিনি জানান, পশ্চিম ত্রিপুরা লোকসভা আসনে সুষ্ঠুভাবে ভোটগ্রহণের জন্য নির্বাচন দপ্তরের পক্ষ থেকে প্রয়োজনীয় সব ধরনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। ইতিমধ্যে পশ্চিম ত্রিপুরা লোকসভা আসন এলাকায় ১৪ কোম্পানি কেন্দ্রীয় নিরাপত্তা বাহিনী মোতায়েন করা হয়েছে। আরো চৌদ্দ কোম্পানি কেন্দ্রীয় নিরাপত্তা বাহিনী আগামীকালের মধ্যে পৌঁছুনোর কথা রয়েছে। ডক্টর বিশাল কুমার জানান, ৮৫ বছর বয়সের ঊর্ধ্বে এবং দিব্যাঙ্গ ভোটাররা আগামী ৯ এপ্রিল থেকে বাড়িতে বসে ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন। এদিকে রামনগর বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনেরও আজ মনোনয়নপত্র প্রত্যাহারের প্রক্রিয়া শেষে দুজন প্রার্থী ই প্রতিদ্বন্দ্বিতায় রয়ে গেলেন। তারা হলেন বিজেপির দীপক মজুমদার ও ইন্ডিয়া জোট সমর্থিত সিপিআইএম প্রার্থী রতন দাস।

*******************************

**Voter Awareness :**

যুব বিষয়ক ক্রীড়া দপ্তর ও রাজ্য এন এস এস সেলের যৌথ উদ্যোগে এবং রাজ্য নির্বাচন দপ্তরের সহায়তায় আজ রবীন্দ্র শতবার্ষিকী ভবনে যুব ভোটারদের নিয়ে এক সচেতনতামূলক কর্মশালা অনুষ্ঠিত হয়। নির্বাচন দপ্তরের অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক ঊষা জেন মগ জানান, নির্বাচন কমিশনের নির্দেশিকা অনুযায়ী যুব ভোটারদের বিশেষ করে নতুন ভোটারদের ভোটদানে উৎসাহিত করার জন্য এই কর্মশালার আয়োজন করা হয়েছে। এরফলে নতুন ও যুব ভোটাররা নিজেদের ভোটদান সম্পর্কে সচেতন হতে পারবেন। রাজ্যের আটটি জেলাতে যুব ভোটারদের ভোটদানে উৎসাহিত করতে এই ধরনের কর্মসূচি গ্রহণ করা হয়েছে। কর্মশালায় বিভিন্ন স্কুল কলেজে থেকে আসা ছাত্রছাত্রীদের শপথ বাক্য পাঠ করানো হয়।

**************************

**Loksabha Election- Border :**

আসন্ন লোকসভার সাধারণ নির্বাচনকে সামনে রেখে সীমান্ত নিরাপত্তা বিষয়ে এক বৈঠক আজ বিকালে কৈলাশহর সার্কিট হাউসের কনফারেন্স হলে অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন, ঊনকোটি জেলার জেলা শাসক দিলীপ কুমার চাকমা, অতিরিক্ত জেলা শাসকদ্বয় দশরথ দেববর্মা ও অর্ঘ্য সাহা সহ B.S.F সহ নিরাপত্তাবাহিনীর পদস্থ আধিকারিকরা। সীমান্তে নিরাপত্তা ব্যবস্থা আরো জোরদার করা সহ সর্বত্র শান্তি ও সুস্থিতি বজায় রাখার বিষয়ে বৈঠকে আলোচনা ও মতবিনিময় করা হয়।

***************************

**CM- Intellectual Meet :**

মুক্তধারা অডিটোরিয়ামে বুদ্ধিজীবীদের নিয়ে আজ মন্থন নামক এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা, লোকসভা নির্বাচনে পশ্চিম ত্রিপুরা আসনের বিজেপি প্রার্থী বিপ্লব কুমার দেব, বিজেপি রাজ্য সভাপতি রাজীব ভট্টাচার্য সহ সমাজের বিভিন্ন পেশায় যুক্ত ব্যক্তিরা। সম্মেলনে বিভিন্ন গুরুত্ব পূর্ণ বিষয়ে আলোচনা হয়।

***************************

**CM-Sonamura :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ পশ্চিম ত্রিপুরা লোকসভা আসনের বিজেপি প্রার্থী বিপ্লব কুমার দেবের সমর্থনে সোনামুড়া শহরে বাড়ি বাড়ি ভোট প্রচার ও পদযাত্রা করেছেন। মুখ্যমন্ত্রীর সঙ্গে ছিলেন বিধায়ক কিশোর বর্মন, ত্রিপুরা শিল্প উন্নয়ন নিগমের চেয়ারম্যান নবাদল বণিক, সিপাহীজলা জিলা পরিষদের সভাধিনেত্রী সুপ্রিয়া দাস দত্ত, বি.জে.পি সখ্যালঘু মোর্চার প্রদেশ সভাপতি বিল্লাল মিয়া।

***************************

**CPIM Congress Prachar :**

আসন্ন লোকসভা নির্বাচনে পশ্চিম ত্রিপুরা আসনে কংগ্রেস তথা ইন্ডিয়া জোটের প্রার্থী আশিস কুমার সাহা এবং রামনগর বিধানসভা কেন্দ্রের উপ নির্বাচনে সিপিএম মনোনীত প্রার্থী রতন দাস আজ রাজধানীর জয়পুর এলাকায় বাড়ি বাড়ি প্রচার ও পদযাত্রায় অংশ নেন। প্রার্থীদের সাথে প্রচারে অংশ গ্রহন করেন বিরোধী দলনেতা জীতেন্দ্র চৌধুরী, প্রাক্তন মন্ত্রী মানিক দে,

সিপিএম নারী নেত্রী রমা দাস, কৃষ্ণা রক্ষিত, প্রাক্তন সাংসদ শংকর প্রসাদ দত্ত।

******************************

**BJP-Ramnagar :**

কেন্দ্রীয় সামাজিক ন্যায় বিচার ও ক্ষমতায়ন প্রতিমন্ত্রী প্রতিমা ভৌমিক আজ লোকসভা নির্বাচনে পশ্চিম ত্রিপুরা আসনে বিজেপি প্রার্থী বিপ্লব কুমার দেব ও রামনগর বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনে বিজেপি প্রার্থী দীপক মজুমদারের সমর্থনে রামনগর এলাকায় বাড়ি বাড়ি প্রচারে করেন। উপস্থিত ছিলেন পুর মেয়র সহ বিজেপির অন্যান্য কার্যকর্তারা। তাছাড়া বিজেপি রাজ্য সভাপতি রাজীব ভট্টাচার্য বনমালীপুর বিধানসভা কেন্দ্রে ও রামনগর বিধানসভা কেন্দ্রের উপনির্বাচন বিজেপি প্রার্থী দীপক মজুমদার আজ সকালে কৃষ্ণনগরে বাড়ি বাড়ি প্রচার করেন।

*************************

**Bharat Ratna :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ রাষ্ট্রপতি ভবনে আয়োজিত অনুষ্ঠানে প্রাক্তন প্রধানমন্ত্রী পিভি নরসিমা রাও এবং চৌধুরী চরণ সিং, কৃষি বিজ্ঞানী এমএস স্বামীনাথন এবং বিহারের দুইবারের প্রাক্তন মুখ্যমন্ত্রী কর্পুরী ঠাকুরকে মরণোত্তর ভারতরত্ন সম্মান প্রদান করেছেন। রাষ্ট্রপতি আগামীকাল নতুনদিল্লিতে প্রাক্তন উপ-প্রধানমন্ত্রী এবং প্রবীণ বিজেপি নেতা এল কে আদবানিকে দেশের সর্বোচ্চ অসামরিক পুরস্কার ভারতরত্ন প্রদান করবেন।

আজ অনুষ্ঠানে পুরস্কারপ্রাপ্তদের স্বজনরা পুরস্কার গ্রহণ করেন। উপ-রাষ্ট্রপতি জগদীপ ধনখর, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, কেন্দ্রীয়

স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়গে, বিদেশ মন্ত্রী ড. এস. জয়শঙ্কর, বিহারের মুখ্যমন্ত্রী নীতীশ কুমার এবং অন্যান্য বিশিষ্ট ব্যক্তিরা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, ভারতরত্ন দেশের সর্বোচ্চ অসামরিক পুরস্কার। ব্যতিক্রমী সেবা এবং মানুষের উন্নয়নে যেকোন ক্ষেত্রে সর্বোচ্চ কর্মপ্রচেষ্টার জন্য এই পুরস্কার দেয়া হয়।

*******************************

**Bharatratna, PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ সামাজিক মাধ্যমে, মরণোত্তর ভারতরত্ন সম্মানে ভূষিত প্রাক্তন প্রধানমন্ত্রী পিভি নরসিমা রাও, প্রাক্তন প্রধানমন্ত্রী চৌধুরী চরণ সিং, বিহারের প্রাক্তন মুখ্যমন্ত্রী কর্পুরী ঠাকুর এবং বিখ্যাত বিজ্ঞানী ডঃ এম এস স্বামীনাথনের অবদানের প্রশংসা করেছেন। প্রধানমন্ত্রী বলেন, পিভি নরসিমা রাও দেশের অগ্রগতি ও আধুনিকায়নের জন্য ব্যাপকভাবে কাজ করেছেন এবং তিনি একজন সম্মানিত পণ্ডিত ও চিন্তাবিদ হিসেবেও পরিচিত।

প্রধানমন্ত্রী দেশের উন্নয়নে, বিশেষ করে কৃষি এবং গ্রামীণ উন্নয়নে চৌধুরী চরণ সিংয়ের অবদানের কথা স্মরণ করেন।

প্রধানমন্ত্রী বলেছেন, কর্পুরী ঠাকুরকে ভারতরত্ন দেওয়া হল একজন অপ্রতিরোধ্য ব্যক্তির প্রতি উপযুক্ত শ্রদ্ধা, যিনি সামাজিক ন্যায়বিচার এবং সাম্যের জন্য তাঁর জীবন উৎসর্গ করেছিলেন।

প্রধানমন্ত্রী আরও বলেছেন, ডক্টর এমএস স্বামীনাথন, কৃষি জগতে একজন সম্মানিত ব্যক্তিত্ব, প্রজনন শাস্ত্র এবং কৃষি

বিজ্ঞানের ক্ষেত্রে তাঁর অগ্রণী কাজ ও গবেষণার জন্য ব্যাপকভাবে প্রশংসিত। তিনি বলেন, ডক্টর এমএস স্বামীনাথনের প্রচেষ্টা ভারতকে খাদ্য উৎপাদনে স্বয়ংসম্পূর্ণতার দিকে এগিয়ে নিয়ে গেছে।

*************************

**Nitin Gadkari :**

কেন্দ্রীয় মন্ত্রী এবং লোকসভা নির্বাচনে নাগপুর কেন্দ্রের বিজেপি প্রার্থী নীতিন গড়করি আজ মধ্য নাগপুরে একটি রোড শো করেছেন। শ্রী গড়করি নাগপুরের দুই বারের বিজেপি সাংসদ। এবার কংগ্রেস দলের প্রার্থী, বর্তমানে পশ্চিম নাগপুরের বিধায়ক এবং নাগপুর জেলা কংগ্রেস সভাপতি বিকাশ ঠাকুর তাঁর প্রধান প্রতিদ্বন্দ্বী।

**************************

**Opposition, Loksabha :**

লোকসভা নির্বাচনে বিরোধী দল ভারত ব্লক আগামীকাল নতুনদিল্লির রামলীলা ময়দানে 'গণতন্ত্র বাঁচাও সমাবেশ' আয়োজন করবে। কংগ্রেস, এনসিপি, শিবসেনা (ইউবিটি), সমাজবাদী পার্টি, আম আদমি পার্টি, আরজেডি, ডিএমকে, ন্যাশনাল কনফারেন্স, ঝাড়খণ্ড মুক্তি মোর্চা, বাম এবং অন্যান্য দলের বিশিষ্ট নেতারা সমাবেশে অংশ নেবেন।

সমাবেশ সম্পর্কে কংগ্রেস নেতা জয়রাম রমেশ বলেন, দেশে ক্রমবর্ধমান মুদ্রাস্ফীতি, বেকারত্ব, অর্থনৈতিক বৈষম্য এবং সামাজিক মেরুকরণ এইসব অভিযোগ সমাবেশে মুখ্য বিষয় হবে।

*************************

**All Party Meeting-Sabroom :**

লোকসভা নির্বাচনকে সামনে রেখে আজ সাব্রুমে সর্বদলীয় বৈঠক অনুষ্ঠিত হয়। সাব্রুম মহকুমা শাসকের অফিসে আয়োজিত এই বৈঠকে পৌরহিত্য করেন দক্ষিণ জেলার অতিরিক্ত জেলা শাসক হেমন্ত দেববর্মা। উপস্থিত ছিলেন সাব্রুমের মহকুমা শাসক শিবজ্যোতি দত্ত, মহকুমা পুলিশ আধিকারিক নিত্যানন্দ সরকার। তাছাড়া এই সভায় বিজেপি, কংগ্রেস, সিপিআইএম ও তিপ্রামথা দলের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন। সাব্রুম মহকুমায় লোকসভা নির্বাচন প্রক্রিয়া সুষ্ঠভাবে সম্পন্ন করার বিষয় নিয়ে এই বৈঠকে আলোচনা হয়।

*************************

**Campaign-South Tripura :**

পশ্চিম ত্রিপুরা লোকসভা কেন্দ্রের বিজেপি প্রার্থী বিপ্লব কুমার দেবের সমর্থনে আজ দক্ষিন জেলার মনপাথর বাজারে মিছিল ও সভা অনুষ্ঠিত হয়। সভায় সমবায় মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়া, বিধায়ক প্রমোদ রিয়াং প্রমুখ উপস্থিত ছিলেন।

পূর্ব ত্রিপুরা লোকসভা আসনের ইন্ডিয়া জোট সমর্থিত সিপিআইএম প্রার্থী রাজেন্দ্র রিয়াং-র সমর্থনে আজ সাব্রুমের কলাছড়া ও শাকবাড়ি এলাকায় নির্বাচনী প্রচারে নেতৃত্ব দেন প্রাক্তন বিধায়ক প্রভাত চৌধুরী।

*********************************************************

**Child Protection Center :**

খোয়াই জেলার জেলাশাসক চাঁন্দনী চন্দ্রান আজ জেলাশাসক কার্যালয়ে শিশু রক্ষণী কেন্দ্রের উদ্বোধন করেছেন। মূলত যে সমস্ত সরকারি কার্যালয়ে কর্মচারীর সংখ্যা ৫০ এর বেশি সেই সব সরকারি কার্যালয়ে শিশু রক্ষণী কেন্দ্র খোলার নিয়ম রয়েছে। এ বিষয়ে জেলাশাসক জানিয়েছেন, নির্বাচনের কাজে যে সকল মহিলা কর্মচারীরা তাদের দুগ্ধজাত সন্তানকে বাড়িতে রেখে অফিসের কাজ করেন, মূলত তাদের জন্যই এই পরিষেবা আজ থেকে চালু হলো। নির্বাচনের কাজে মহিলা কর্মচারীদের অনেক রাত পর্যন্ত কাজ করতে হয়। সেই ক্ষেত্রে তাদের শিশুদের উক্ত গৃহে রেখে যত্ন নিতে পারবেন। উক্ত গৃহে শিশুদের বিভিন্ন শিক্ষামূলক খেলার সামগ্রী রয়েছে। উদ্বোধনী অনুষ্ঠানে জেলা শাসক ছাড়াও ছিলেন, অতিরিক্ত জেলাশাসক কেশব কর, সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরের আধিকারিক সহ জেলা শাসক অফিসের কর্মীবৃন্দরা।

****************************

**State wise 13 Cricket :**

টিসিএ পরিচালিত রাজ্যভিত্তিক অনূর্ধ্ব ১৩ বছরের ক্রিকেট প্রতিযোগিতার ফাইনাল মুখোমুখি হবে সদরের দুটি দল। আজ আসরের দুটি সেমিফাইনাল অনুষ্ঠিত হয়। নরসিংগড়ের পঞ্চায়েত মাঠে সদর-বি ৭১ রানে বিশালগড়কে এবং নেপকো মাঠে সদর-এ ৩ রানে উদয়পুর পরাজিত করে। আগামী ১ এপ্রিল ফাইনাল ম্যাচটি হবে।

****************************

**Weather :**

আগামীকাল আকাশ আংশিক মেঘাছন্ন থাকবে। দুয়েক জায়গায় বজ্র বিদ্যুত সহ হালকা থেকে মাঝারি পর্যায়ে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। তাপমাত্রা সর্বোচ্চ তেত্রিশ ডিগ্রী এবং সর্বনিম্ন বাইশ ডিগ্রী সেলসিয়াস এর কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল তেত্রিশ দশমিক ছয় ডিগ্রী এবং সর্বনিম্ন বাইশ দশমিক দুই ডিগ্রি সেলসিয়াস। আগামী চব্বিশ ঘণ্টায় রাজ্যের সব জেলায় বিক্ষিপ্তভাবে বজ্র বিদ্যুত সহ বৃষ্টিপাতের সতর্কতা জারি করা হয়েছে। উনকোটি, উত্তর এবং ধলাই জেলার ভারী বর্ষণের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর।

*************************